

বিসমিল্লাহির রাহমানির রাহীম  
সিএনজি বিক্রয়ের চুক্তিনামা দলীল

**প্রথম পক্ষ:**

**সিএনজি অটো রিক্সা বিক্রয় রশিদ দাতা**

মোঃ কাওসার, পিতা: মাকসুদুর রহমান, গ্রাম: উত্তর হাওলা, পো: উত্তর হাওলা, উপজেলাঃ মনোহরগঞ্জ, জেলা: কুমিল্লা। ধর্ম: ইসলাম, জাতীয়তা: বাংলাদেশী।

**দ্বিতীয় পক্ষ:**

**সিএনজি অটো রিক্সা বিক্রয় রশিদ গ্রহীতা**

মোঃ লোকমান হোসেন, পিতা: মোঃ আবু ছায়েদ, গ্রাম: উত্তর হাওলা, পো: উত্তর হাওলা, উপজেলা: মনোহরগঞ্জ, জেলা: কুমিল্লা। ধর্ম: ইসলাম, জাতীয়তা: বাংলাদেশী।

পরম করুনাময় আল্লাহর নামে সিএনজি অটো রিক্সা বিক্রয়ের রসিদ সম্পাদন করার উদ্দেশ্যে বর্ণিত হইতেছে যে, আমি প্রথম পক্ষ আমার একটি সিএনজি অটো রিক্সা যাহার রেজি: নং: চট্টগ্রাম-থ ১২-৭৩৪৮, চ্যাসিস নং MD2A44AZ9CWC-00208 ইঞ্জিন নম্বর- AFZWCC-00940, সিলেন্ডার - 1,199 সি. সি. আসন সংখ্যা ৪ (চার) জন চালক সহ, রং-সবুজ/হলুদ। মডেল-২০১২।

চলমান পাতা-১

গাড়ী খানা খরিদ সূত্রে বৈধ মালিক বটে। বর্তমানে আমার টাকার বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত গাড়ীখানা বিক্রয় করার প্রস্তাব করিলে আপনি দ্বিতীয় পক্ষ গাড়ীখানা খরিদ করতে ইচ্ছা পোষন করিলে উক্ত গাড়ীর বর্তমান বাজার দর ১,০৯,০০০/- (এক লক্ষ নয় হাজার) টাকা নগদ বুঝিয়া পাইয়া গাড়ি ও গাড়ীর যাবতীয় কাগজ পত্র আমি আপনাকে (দ্বিতীয় পক্ষকে) বুঝাইয়া দিয়া চিরদিনের জন্য নিঃস্বত্ববান হইয়া গেলাম।

উক্ত গাড়ীখানা আমি অথবা আমার পরিবারের অন্য কেউ যদি আপনি দ্বিতীয় পক্ষের কাছে দাবি-দাবা করে তাহা হইলে গাড়ীটির পরিশোধকৃত মূল্য এবং যাবতীয় ক্ষতি পূরণ সহ আমি প্রথম পক্ষ বা যে দাবি-দাবা করিবে উক্ত ব্যক্তি পরিশোধ করিয়া দিতে বাধ্য থাকিবো বা থাকিবে।

অদ্য হইতে আপনি গ্রহিতা উক্ত গাড়ীর যাবতীয় কাগজপত্র আমার নামের পরিবর্তে আপনার নিজ নামে নামজারি করাইয়া নিতে পারিবেন। তাহাতে আমি বা আমার কোন ওয়ারিশগণের কোন প্রকার ওজর আপত্তি চলিবে না। করিলে তাহা সর্ব আদালতে বাতিল বলিয়া গণ্য হইবে বা অগ্রাহ্য হইবে।

এতদ্বার্থে স্বেচ্ছায় স্বজ্ঞানে সুস্থ শরীরে ও সরল মনে অত্র বিক্রয় রসিদ এর সম্যক মর্ম অবগত হইয়া নিম্নে স্বাক্ষীগণের মোকাবেলায় আমার নিজ নাম স্বাক্ষর করতঃ আপনি গ্রহিতার বরাবরে সম্পাদন করিলাম।

স্বাক্ষীগণের স্বাক্ষর

প্রথম পক্ষের স্বাক্ষর

দ্বিতীয় পক্ষের স্বাক্ষর